UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

***Ref:*** ***Date:*** ২৬ সেপ্টেম্বর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

# উক্যনু মারমার মুক্তি জনতার বিজয়: প্রসিত খীসা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত খীসা গতকাল (২৫ সেপ্টেম্বর) রাতের আঁধারে বাংলাদেশ মারমা স্টুডেন্টস কাউন্সিল (বিএমএসসি) খাগড়াছড়ি জেলা শাখার সাধারণ সম্পাদক ও চলমান ধর্ষণ-বিরোধী আন্দোলনের অন্যতম নেতা উক্যনু মারমাকে টেনে হেঁচড়ে ধরে নিয়ে পরে জনগণের ব্যাপক প্রতিবাদের মুখে নতি স্বীকার করে কয়েক ঘন্টা পর ছেড়ে দিতে বাধ্য হওয়ার ঘটনাকে ঐক্যবদ্ধ জনতার সংগ্রামের বিজয় বলে মন্তব্য করেছেন।

আজ ২৬ সেপ্টেম্বর ২০২৫ শুক্রবার এক বিবৃতিতে তিনি এই মন্তব্য করেন এবং আজকের ধর্ষণ বিরোধী মহাসমাবেশে যোগ দিয়ে বৃহত্তর বিজয় ছিনিয়ে আনার জন্য সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানান।

উক্যনু মারমাক অপদস্থ করে আটক ও নির্যাতনকে ভয়ভীতির মাধ্যমে ন্যায়সঙ্গত আন্দোলন দমনের সেনা-শাসকগোষ্ঠীর ব্যর্থ প্রচেষ্টা হিসেবে উল্লেখ করে প্রসিত খীসা আরও বলেন, ‘একই কৌশল তারা ভাইবোনছড়ায় কিশোরী ধর্ষণের বিরুদ্ধে গত জুলাই মাসে গড়ে ওঠা আন্দোলনের সময়ও প্রয়োগ করে ব্যর্থ হয়েছিল।’

তিনি সকল প্রকার ভয়ভীতি চোখ রাঙানি ও ষড়যন্ত্র উপেক্ষা করে দাবি আদায় না হওয়া পর্যন্ত ঐক্যবদ্ধভাবে আন্দোলন চালিয়ে যেতে সকলের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরনচাকমা

**নিরন চাকমা**
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
কেন্দ্রীয় কমিটি।